গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষ-কাম-অধীক্ষকের কার্যালয়
সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল
সেকশন-১৩, ব্লক-এ, মিরপুর-১৩, ঢাকা।
www.guamc.edu.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-সইআমেকহা/নিয়োগ -৩য় ও ৪র্থ শ্রেণী/৯৬/২০২১/২৯৭ তারিখ ঃ ০৩-০৭-২০২৬

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, মিরপুর-১৩, ঢাকার নিম্নোক্ত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে পদের পাশে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://guamc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

ক্রঃ নং	পদের নাম, গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা ছাড়পত্র অনুযায়ী	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন না
১	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	১৮-৩০ বছর	০১(এক)টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেনী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা ; এবং (গ) ষাঁটলিপি এর সর্বনিম্নগতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ। (ঘ) কম্পিউটার টাইপিং-এ সর্বনিম্নগতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ।	ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, জামালপুর, চাঁদপুর, পাবনা, গাইবান্ধা, খুলনা, ঝালকাঠি। বিঃদ্রঃ এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২	কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-(গ্রেড-১৪)	১৮-৩০ বছর	০২(দুই)টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট Standard Apitude Test এ উত্তীর্ণ হতে হবে।	
৩	ইলেক্ট্রো মেডিকেল টেকনিশিয়ান ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	১৮-৩০ বছর	০১(এক)টি	এইচএসসি/সমমানের পাশসহ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ভোকেশনাল/পলিটেকনিক্যাল ইনষ্টিটিউট থেকে ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স (২বছর মেয়াদী) পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
৪	স্টোর কিপার ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	১৮-৩০ বছর	০১(এক)টি	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে।	
৫	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	১৮-৩০ বছর	০২(দুই)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট ; এবং (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরুপ সর্বনিম্ন গতি থাকতে হবে যথা:- (অ) বাংলা; প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং (আ) ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।	
৬	সহকারী লাইব্রেরীয়ান ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	১৮-৩০ বছর	০১(এক)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সম মানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা থাকতে হবে।	
৭	ডাটা এন্ট্রি অপারেটর ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	১৮-৩০ বছর	০১(এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট Standard Apitude Test এ উত্তীর্ণ হতে হবে।	

৮	ওয়ার্ড মাস্টার ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	১৮-৩০ বছর	০১(এক)টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় দক্ষতা।	
৯	টিকেট ক্লার্ক ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬)	১৮-৩০ বছর	০১(এক)টি	(ক) সরকার অনুমোদিত বোর্ড হতে ন্যূন পক্ষে দ্বিতীয় বিভাগে এইচএসসি/সমমানের পাশ। (খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোর্ড, বেসিক প্রশিক্ষণ ও দক্ষতা থাকতে হবে।	
১০	বেয়ারার ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১৮-৩০ বছর	০৪(চার)টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকতে হবে।	১০নং হইতে ১৬নং পর্যন্ত যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন না মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, শেরপুর, চাঁদপুর, কুমিল্লা, লক্ষ্মীপুর, সিরাজগঞ্জ, মাগুরা, পটুয়াখালী। বিঃদ্রঃ এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১১	লাইব্রেরী এটেনডেন্টস ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১৮-৩০ বছর	০১(এক)টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট সহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
১২	ওয়ার্ড বয়/আয়া ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১৮-৩০ বছর	০৪(চার)টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকতে হবে।	
১৩	টেবিল বয়/আয়া ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১৮-৩০ বছর	০১(এক)টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট থাকতে হবে ।	
১৪	সহকারী বাবুর্চি ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১৮-৩০ বছর	০১(এক)টি	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	
১৫	নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১৮-৩০ বছর	০২(দুই)টি	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ থাকতে হবে ।	
১৬	পরিচ্ছন্নতা কর্মী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১৮-৩০ বছর	০৪(চার)টি	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে করতে হবে:

১। ১লা জুলাই ২০২৩খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র, অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে (জুনিয়র স্কুল সার্টিফিকেট ১৪, ১৫,ও ১৬ নং পদের জন্য) /মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণের সনদ দাখিল করতে হবে।

৩। জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৪। সরকারী, আধা সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় এধরনের চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

৫। প্রার্থীকে বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান সম্পর্কিত লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনসহ সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সনদ সমূহের ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজ পত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল করা হবে।

৬। ০১ নং হতে ০৯ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা এবং অনলাইন ফি বাবদ ২৩/- টাকা অফেরতযোগ্য মোট ২২৩/- টাকা এবং ১০ নং হতে ১৬ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা এবং অনলাইন ফি বাবদ ১২/- টাকা অফেরতযোগ্য মোট ১১২/-টাকা **http://guamc.teletalk.com.bd** ওয়েবসাইট অনুসরণে প্রদান করতে হবে। পরীক্ষা ফি প্রদানের পর দাখিলকৃত আবেদন আর সংশোধন করা যাবে না।

৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন/সংযোজন (যদি থাকে) পরীক্ষার সময়, স্থান ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতালের **www.guamc.edu.bd** ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

৮। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।

৯। **প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভূয়া প্রমাণীত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসাদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা আবেদনের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তাহার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) বিশেষ কোটার প্রার্থীদেরকে বিশেষ কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থী বাছাই প্রক্রিয়ায় উত্তীর্ণ হলে তাদের পিতা/মাতা এর পিতা/মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরীত ও প্রতিস্বাক্ষরীত হতে হবে, যার সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র- কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র- কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট বাছাই প্রক্রিয়ায় উত্তীর্ণ হলে দাখিল করতে হবে ।

(গ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। **বিবিধঃ**

(ক)বিজ্ঞপ্তিটি সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতালের www.guamc.edu.bd এবং টেলিটক ওয়েবসাইট **(http://guamc.teletalk.com.bd)** এ পাওয়া যাবে এবং এ নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হাল নাগাদ করা হবে।

(খ) নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(গ) নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা যথাযথ ভাবে অনুসরণ করা হবে।

(ঘ) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১১। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমন কি কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

(ক) চাকরি প্রার্থীগণকে বা পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://guamc.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদন পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরুপঃ

(i) online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৫ জুলাই ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

(ii) online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮ আগস্ট ২০২৩ তারিখ বিকাল ৫.০০ঘটিকা ।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online – এ আবেদন পত্র Submit -এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS- এ পরীক্ষার ফী জমা দিতে পারবেন।

(খ) online- এ আবেদন পত্রে প্রার্থীর রঙ্গিন ছবি (দৈর্ঘ ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(গ) online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online- এ আবেদন পত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় একক ফি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদনপত্র (Application Form) যথাযথ ভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit –করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit –করা সম্পন্ন হলে প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট কপি সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ০১ নং হতে ০৯ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা এবং অনলাইন ফি বাবদ ২৩/- টাকা অফেরতযোগ্য মোট ২২৩/- টাকা এবং ১০ নং হতে ১৬ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা এবং অনলাইন ফি বাবদ ১২/- টাকা অফেরতযোগ্য মোট ১১২/-টাকা ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit – করা হলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: GUAMC<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: GUAMCABCDEF

Reply Applicant's Name, TK.----------will be charged as application fee. Your PIN is --------- To pay Fee.

Type GUAMC <Space> Yes<Space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: GUAMC<Space> Yes<Space>PIN লিখে send করতে হবে 16222 নাম্বারে।

Example: GUAMC Yes 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for… Applicant's For (post name) User ID is (ABCDEF) and password (xxxxxx).

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি **http://guamc.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিক ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS- এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশ গ্রহণের সময়ে প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে GUAMC<Space>Help<Space>User<Space>User ID and Send to 16222.
Example: GUAMC Help USER ABCDEF

(ii) PIN Number জানা থাকলে GUAMC<Space>Help<Space>Pin <Space>PIN Number and Send to 16222.
Example: GUAMC Help PIN 12345678.

(ঝ) অনলাইনে আবেদন করতে কোন সমস্য হলে টেলিটক নাম্বার থেকে ১২১ নম্বর অথবা **alljobs.query@teletalk.com.bd** ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject- এ Organization Name:GUAMC, Post Name : ***** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পির্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে), পরীক্ষার তারিখ, সময়, স্থান অথবা প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য www.guamc.edu.bd এই ওয়েবসাইটে পাওয়া যাবে; এছাড়া QR Code এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় অপারেটর টেলিটকের জব প্রোটাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। প্রার্থীগণকে নিয়োগ সংক্রান্ত বিষয়ে আপডেট থাকার জন্য উল্লেখকৃত ওয়েবসাইটে নিয়মিতভাবে দৃষ্টি রাখতে অনুরোধ করা যাচ্ছে।

(ঞ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online -এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩/০৭/২০২৬

ডাঃ স্বপন কুমার দত্ত
অধ্যক্ষ-কাম-অধীক্ষক (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব, নিয়োগ/পদোন্নতি কমিটি
সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল
মিরপুর-১৩, ঢাকা-১২২১ ।

০৩.০৭.২৬